



এই বিজয় বঙ্গবন্ধু ও জিয়াউর রহমানসহ সকল মুক্তিযোদ্ধাদের প্রতি: ফজলুর রহমান



বিজয়ী ফজলুর রহমান। ছবি: সংগৃহীত

কিশোরগঞ্জ-৪ আসনে বিএনপির মনোনীত প্রার্থী মুক্তিযোদ্ধা ফজলুর রহমান বিজয়ী হয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে এক আবেগঘন বার্তা দেন। নিজের ফেসবুক পোস্টে তিনি লেখেন, তাঁর এই বিজয় মহান স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানসহ দেশের সকল মুক্তিযোদ্ধাদের প্রতি উৎসর্গ।

পোস্টে তিনি আরও উল্লেখ করেন, এই অর্জন ব্যক্তিগত নয়; এটি জনগণের ভালোবাসা ও মুক্তিযোদ্ধাদের ত্যাগের প্রতিফলন। মুক্তিযুদ্ধের চেতনায় অনুপ্রাণিত হয়ে এলাকার উন্নয়ন ও মানুষের কল্যাণে কাজ করার অঙ্গীকারও ব্যক্ত করেন তিনি।

LENS ASIA